


## প্রেস বিজ্ঞপ্তি

মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত “ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগার”- এর মাধ্যমে কৃষকের জমির মাটি পরীক্ষা করে সুষম মাত্রায় সার প্রয়োগ করার লক্ষ্যে একটি কর্মসূচি চলমান রয়েছে। এ কর্মসূচির আওতায় সিলেটে “ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগার (এমএসটিএল-সুরমা)”- এর মাধ্যমে আগামী ০৮ নভেম্বর/২০২০ খ্রি. হতে ১২ নভেম্বর/২০২০ খ্রি. পর্যন্ত সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলায়; আগামী ১৫ নভেম্বর/২০২০ খ্রি. হতে ১৯ নভেম্বর/২০২০ খ্রি. পর্যন্ত সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলায়; আগামী ২২ নভেম্বর/২০২০ খ্রি. হতে ২৬ নভেম্বর/২০২০ খ্রি. পর্যন্ত মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলায় এবং আগামী ২৯ নভেম্বর/২০২০ খ্রি. হতে ০৩ ডিসেম্বর/২০২০ খ্রি. পর্যন্ত হবিগঞ্জ জেলার হবিগঞ্জ সদর উপজেলায় ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগার (এমএসটিএল-সুরমা)-এর মাধ্যমে কৃষকের ফসলের জমির মাটি পরীক্ষার ভিত্তিতে সার সুপারিশ কার্ড প্রদান করা হবে। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, সিলেটের কর্মকর্তারা বিভিন্ন সময় এসব উপজেলায় কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তা ও স্থানীয় কৃষকদিগকে মাটির নমুনা সংগ্রহ পদ্ধতির উপর প্রশিক্ষণ প্রদান করেছেন। পরীক্ষার জন্য জমি থেকে সঠিক পদ্ধতিতে মাটির নমুনা সংগ্রহের ব্যাপারে কৃষকদিগকে স্থানীয় কৃষি বিভাগের উপসহকারী কৃষি কর্মকর্তারা সহযোগিতা করবেন। নির্দিষ্ট তারিখের পূর্বেই মাটির নমুনা উপজেলা কৃষি দপ্তরে পৌঁছাতে হবে। ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগারে কর্মরত বিজ্ঞানীদল কৃষকের জমির মাটি পরীক্ষা করে সুষম সার প্রয়োগের উদ্দেশ্যে প্রত্যেক কৃষককে আলাদা আলাদা একটি “সার সুপারিশ কার্ড” প্রদান করবেন। স্বল্প ব্যয়ে অধিক ফলন পেতে এবং মাটির স্বাস্থ্য ভালো রাখতে কার্ডে দেয়া সুপারিশকৃত সার জমিতে প্রয়োগ করতে হবে। ভ্রাম্যমান পরীক্ষাগার ছাড়াও সিলেটের পিরিজপুরে মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা ভবনে বিজ্ঞানীরা সার্বক্ষণিক কৃষকের মাটি পরীক্ষায় নিয়োজিত রয়েছেন। মাটির স্বাস্থ্য ঠিক রেখে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সকল কৃষককে মাটি পরীক্ষা করে জমিতে সুষম মাত্রায় সার প্রয়োগের জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল।

“মাটি পরীক্ষা করে সুষম সার প্রয়োগ করুন,  
অধিক ফসল ঘরে তুলুন”



(মোঃ মেহেদী হাসান)

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

ফোন: ০৮২১-৭১৫৬৪৮

ই-মেইল: rosrdisy1het@gmail.com